গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
(বীমা শাখা)
www.fid.gov.bd

নম্বর-৫৩.০০.০০০০.৪১১.২৪.০০১.২০২০(অংশ-১)-**১৬৭**

২২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৫ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয় : **বৃত্তি পুন:বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ।**

সূত্র : এ বিভাগের জারিকৃত বিজ্ঞপ্তি নং- নম্বর-৫৩.০০.০০০০.৪১১.২৪.০০১.২০২০ (অংশ-১)-**১৫৪**; ; ২৯-০৪- ২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ বিজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে, দেশে প্রয়োজনীয় সংখ্যক একচ্যুয়ারি সৃষ্টির লক্ষ্যে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে Masters in Actuarial Science, Masters in Actuarial Management-এ এক বছর মেয়াদী এবং প্রফেশনাল একচুয়ারির জন্য আংশিক বৃত্তি প্রোগ্রামের আবেদনের সময়সীমা গত ৩১ মে, ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ছিল। অধিক সংখ্যক আবেদন প্রাপ্তির লক্ষ্যে উক্ত আবেদনের সময়সীমা আগামী ৩০ জুন, ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করে পুন:বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে **(সংযুক্ত)**।

২। এ অবস্থায়, বৃত্তি পুন:বিজ্ঞপ্তিখানা অধিকতর প্রচারের লক্ষ্যে তাঁর মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(মোঃ জাহিদ হোসেন)
যুগ্মসচিব
ফোন: ০২-৫৫১০১৩৮৭
ds.insurance@fid.gov.bd

সংযুক্তি: বর্ণনানুযায়ী ০১ (এক) পৃষ্ঠা

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা;
৩। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলানগর, ঢাকা;
৪। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা;
৬। মহাপরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
৭। ম্যানেজিং ডাইরেক্টর, জীবন বীমা কর্পোরেশন, ২৪, মতিঝিল বা/এ, ঢাকা;
৮। ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন, ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা;
৯। প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সুরেন্স এসোসিয়েশন, হোসেন টাওয়ার, বক্স কালভার্ট রোড, নয়াপল্টন, ঢাকা;
১০। প্রেসিডেন্ট বাংলাদেশ ইন্সুরেন্স ফোরাম, ৩৬, দিলকুশা বা/এ, ঢাকা;
১১। পরিচালক, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি, ৫৩/এ, মহাখালী বা/এ, ঢাকা এবং
১২। উপসচিব, আইসিটি সেল, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

সচিবের দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
তারিখ

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:**

১। সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
২। অতিরিক্ত সচিব (বীমা) এর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
৩। যুগ্মসচিব(বীমা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর দপ্তর

| ডাইরী নং- ৮২৮ | তারিখ- ১২/৫/২৪ |
|---|---|
| যুগ্মসচিব | প্রশাসন |
| উপসচিব/সিসস/সিসিএ | প্রশাসন ও সংস্থাপন/বাজেট/প্রশিক্ষণ/সেবা/সংসদ/সমন্বয়/আইসিটি শাখা |

অতিঃ সচিব (প্রশাঃ ও অর্থঃ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
(বীমা শাখা)
www.fid.gov.bd

নম্বর-৫৩.০০.০০০০.৪১১.২৪.০০১.২০২০ (অংশ-১)-১৫৪

১৬ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৯ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

# বৃত্তি পুন:বিজ্ঞপ্তি

বিষয় : ২০২৪-২৫ শিক্ষাবর্ষে Masters in Actuarial Science, Masters in Actuarial Management এবং প্রফেশনাল একচ্যুয়ারির জন্য আংশিক বৃত্তির দরখাস্ত আহ্বান।

দেশে একচ্যুয়ারি সৃষ্টির লক্ষ্যে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে Masters in Actuarial Science, Masters in Actuarial Management এবং প্রফেশনাল একচ্যুয়ারির জন্য মডিউল ভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণপূর্বক আংশিক বৃত্তি প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে ও নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা হচ্ছে:

১। Masters in Actuarial Science ও Masters in Actuarial Management ডিগ্রির জন্য যুক্তরাজ্যের City, University of London এর Bayes Business School (Formerly Cass Business School) থেকে Unconditional Offer Letter থাকতে হবে। Conditional Offer Letter সংবলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে;

২। বয়সসীমা: ৩০-০৬-২০২৪ তারিখে সর্বোচ্চ **৩৫ বছর** এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সাধারণ বীমা কর্পোরেশন, জীবন বীমা কর্পোরেশন এবং জাতীয় পেনশন কর্তৃপক্ষে কর্মরত নিজস্ব প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৪০ বছর তবে মডিউল ভিত্তিক আবেদনকারীর বয়সসীমা শিথিলযোগ্য;

৩। সরকারি কর্মকর্তাদের ক্ষেত্রে আবেদনকারীর চাকুরী স্থায়ী হতে হবে এবং চাকরিতে প্রবেশের পর বিদেশে মাস্টার্স ডিগ্রি সম্পন্ন করে থাকলে এ মাস্টার্স কোর্সের জন্য বিবেচিত হবেন না। তবে যে সকল শিক্ষার্থী যুক্তরাজ্যের Institute and Faculty of Actuaries, UK (IFoA-UK) বা অন্য কোন দেশের সমমানের প্রতিষ্ঠানে নিবন্ধনকরত: মডিউল ভিত্তিক নির্ধারিত পরীক্ষায় অংশগ্রহণের মাধ্যমে প্রফেশনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তারাও আংশিক বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

৪। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত সংস্থা, বিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত সরকারি প্রতিষ্ঠান, সরকারি-বেসরকারি বীমা কোম্পানি (লাইফ/নন-লাইফ)-তে চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে প্রার্থীগণ আবেদনের অগ্রিম কপি নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে পারবেন;

৫। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত টিউশন ফি' বিশ্ববিদ্যালয়ের ব্যাংক হিসাবে এবং নির্বাচিত শিক্ষার্থীর জীবন যাপন ব্যয়সহ অন্যান্য ভাতাদি শিক্ষার্থীর যুক্তরাজ্যস্থ ব্যাংক হিসাবে প্রদান করা হবে;

৬। বৃত্তিপ্রাপ্ত ব্যক্তি অধ্যয়ন শেষে দেশে ফিরে কমপক্ষে ০৫ বছর দেশের বীমা খাত/জাতীয় পেনশন কর্তৃপক্ষের সাথে যুক্ত থাকতে হবে;

৭। আগ্রহী প্রার্থীগণ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.fid.gov.bd ও www.idra.org.bd) থেকে আবেদনপত্রের ফরম ডাউনলোড করতে পারবেন;

৮। সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, পরীক্ষার মার্কশিট/গ্রেড পয়েন্টের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট এর সত্যায়িত কপি, TOEFL/IELTS পরীক্ষার ফলাফল এর সত্যায়িত কপি, Unconditional Offer Letter/IFoA বা সমমানের প্রতিষ্ঠান হতে মডিউল ভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণের প্রমাণকসহ নিম্নস্বাক্ষরকারী বরাবরে ডাকযোগে অথবা সরাসরি পৌঁছাতে হবে;

৯। আবেদনের সময়সীমা আগামী **৩০ জুন, ২০২৪ তারিখ, রবিবার, বিকাল ০৫:০০ টা;**

১০। **গত ১১-০১-২০২৪ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে যারা ইতোপূর্বে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের জন্য আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই এবং**

১১। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন এবং পরিবর্ধন এবং যে কোন বৃত্তিপ্রাপ্ত ব্যক্তির আবেদন বিবেচনা/বাতিলের নিরঙ্কুশ ক্ষমতা সংরক্ষণ করেন।

২৯/৪/২০২৪
(মোঃ জাহিদ হোসেন)
যুগ্মসচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
☎ ০২-৫৫১০১৩৮৭
ই-মেইল: ds.insurance@fid.gov.bd